

■■ দল, সংগঠন, ইমারত ও বায়'আত সম্পর্কে বিশিষ্ট উলামায়ে কেরামের বক্তব্য

বিভাগ/অধ্যায়ঃ (১৮) আবু মালেক আর-রেফাঈ আল-জুহানী রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্নঃ দা'ওয়াতী ক্ষেত্রে ইমারত গঠনের ব্যাপারে আপনার মতামত কি?

উত্তরঃ দা'ওয়াতী ক্ষেত্রে ইমারত গঠন দ্বীনের মধ্যে নতুন সৃষ্টি। বরং সঠিক পদ্ধতি হলো, সুপরিচিত বিজ্ঞ আলেমগণ তাঁদের ছাত্রদের নিয়ে দা'ওয়াতী কাজ সম্পাদন করবেন। যেমনঃ ইবনে তাইমিয়াহ, ইবনুল কাইয়িম, আলবানী, ইবনে বায়, রবী আল-মাদখালী, আব্দুল মুহসিন আল-আব্বাদ, মুক্কবিল আল-ওয়াদে'ঈ প্রমুখ আলেমগণ তাঁদের ছাত্রদেরকে যথারীতি দ্বীনী শিক্ষা দিয়েছেন এবং কেউ কেউ এখনও দিয়ে যাচ্ছেন। আর তাঁদের ছাত্রগণ সারা দুনিয়ায় দা'ওয়াত ছড়িয়ে দিয়েছেন। মূলতঃ এটিই হচ্ছে সালাফী দা'ওয়াত। আমি আবারও বলছি, ইমারত গঠন করে দা'ওয়াতী কাজ করা সুস্পষ্ট বিদ'আত।([1])

ফুটনোট

([1]) শায়খের 'মা'আলিমুদ দা'ওয়াহ' ক্যাসেট থেকে সংগৃহীত।

শায়খ আবু মালেক আল-জুহানী ১৩৯০ হিজরীতে ইয়ামবু শহরে জন্মগ্রহণ করেন। তিনি ইয়মবুর ওমর জামে মসজিদের ইমাম ও খত্বীব এবং সউদী ধর্ম মন্ত্রণালয় কর্তৃক নিযুক্ত প্রসিদ্ধ দা'ঈ। তাঁর রচিত গ্রন্থাবলীর মধ্যে ১. আস-সীরাহ আন-নাবাবিইয়াহ ২. আল-ক্রযা ওয়াল ক্রদার আলা যওয়ে মু'তাক্কাদে আহলিস-সুন্নাহ ওয়াল-আছার উল্লেখযোগ্য।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5316

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন